

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুকসুদপুর, গোপালগঞ্জ

স্মারক নম্বর-০৫.৩০.৩৫৫৮.০০১.৩২.০৫৮.২২- ১৫২

তারিখ: ০২ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি এস.এম. ইমাম রাজী টুলু, উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ ও রিটার্নিং অফিসার, উপজেলা কমান্ড, মুকসুদপুর, গোপালগঞ্জ এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৪-০৩-২০২৩ তারিখ গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করেছে:

ক) ভোটার তালিকা প্রকাশ:

ক্রমিক	বিবরণ	:	সময়কাল
১	খসড়া ভোটার তালিকা প্রকাশ	:	১৯-০৩-২০২৩ (রবিবার)
২	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	:	২২-০৩-২০২৩ (বুধবার)
৩	দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	:	২৮-০৩-২০২৩ (মঙ্গলবার)
৪	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	:	০২-০৪-২০২৩ (রবিবার)

খ) নির্বাচনী তফশিল:

ক্রমিক	বিবরণ	:	সময়কাল
৫	মনোনয়নপত্র দাখিলের তারিখ (সকাল ১০:০০ টা থেকে বেলা ৩:০০ টা পর্যন্ত)	:	০৫-০৪-২০২৩ (বুধবার)
৬	মনোনয়নপত্র বাছাই	:	০৯-০৪-২০২৩ (রবিবার)
৭	প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ (সকাল ১০:০০ টা থেকে বেলা ৩:০০ টা পর্যন্ত)	:	১১-০৪-২০২৩ (মঙ্গলবার)
৮	আপিল নিষ্পত্তির তারিখ	:	১৩-০৪-২০২৩ (বৃহস্পতিবার)
৯	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	:	১৬-০৪-২০২৩ (রবিবার)
১০	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	:	১৭-০৪-২০২৩ (সোমবার)
১১	প্রতীক বরাদ্দের তারিখ	:	১৮-০৪-২০২৩ (মঙ্গলবার)
১২	ভোট গ্রহণের তারিখ	:	১৩-০৫-২০২৩ (শনিবার)

(ভোট গ্রহণের সময়সীমা: বিরতিহীনভাবে সকাল ০৯:০০টা হতে বিকাল ৪:০০টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে)

২। নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, উল্লিখিত নির্বাচনী এলাকা হতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ উপজেলা কমান্ড, মুকসুদপুর, গোপালগঞ্জ এর নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে তফশিলে বর্ণিত নির্ধারিত তারিখে আমার কার্যালয় (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুকসুদপুর, গোপালগঞ্জ) এবং সহকারী কমিশনার(ভূমি), মুকসুদপুর, গোপালগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার এর কার্যালয়ে মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

তারিখ: ১ ৬ দিন ০ ৩ মাস ২ ০ ২ ৩ বৎসর

(এস.এম. ইমাম রাজী টুলু)
উপজেলা নির্বাহী অফিসার
মুকসুদপুর, গোপালগঞ্জ

ও
রিটার্নিং অফিসার

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩
উপজেলা কমান্ড, মুকসুদপুর, গোপালগঞ্জ

নির্বাচনী এলাকার নামঃ উপজেলা কমান্ড, মুকসুদপুর, গোপালগঞ্জ।